# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## Bangladesh Water Development Board

**প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর**
পানি ভবন, লেভেল-৫, ব্লক-এইচ
৭২ গ্রীনরোড, ঢাকা-১২১৫।
ফোন : ০২২২২২৩০১০০
E-mail: cmonitoring@yahoo.com

**Office of the Chief Engineer, Monitoring**
Pani Bhaban, Level-5, Block-H
72 Green Road, Dhaka-1215.
Phone : 02222230100
E-mail: cmonitoring@yahoo.com


স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.১৪.০০১.২১-১১১১ তারিখঃ ২৮/০৩/২০২৩খ্রিঃ

প্রধান প্রকৌশলী
কেন্দ্রীয় অঞ্চল/পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল/উত্তরাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল
বাপাউবো, ঢাকা/কুমিল্লা/সিলেট/চট্টগ্রাম/ফরিদপুর/রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল
ও
প্রকল্প পরিচালক, সকল।

বিষয় : ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্পসমূহের অগ্রগতি পর্য্যালোচনা সভায় মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় প্রদত্ত নির্দেশনা প্রতিপালন প্রসঙ্গে।

সূত্রঃ ১) পানি সম্পদ মন্ত্রণালয়, পরিকল্পনা-৩ শাখা এর স্মারক নং-৪২.০০.০০০০.০৪১.০৬.০১১.১৮-২৬৯, তারিখঃ ৩০.০১.২০২৩খ্রিঃ।
২) অত্র দপ্তর স্মারক নং-৪২.০০.০০০০.০০৭.০৯.০০২.২০.৮, তারিখঃ ০৯.০১.২০২৩খ্রিঃ।
৩) অত্র দপ্তর স্মারক নং-৪২.০০.০০০০.০০৭.৭৮.০০১.১৭.৫২, তারিখঃ ০৮.০২.২০২৩খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্পসমূহের অগ্রগতি পর্য্যালোচনার লক্ষ্যে গত ২৫ জানুয়ারি ২০২৩ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী, পাসম মহোদয়ের সভাপতিত্বে পানি ভবনের সম্মেলনকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। সূত্রস্থ ১নং স্মারকে উক্ত সভার কার্যবিবরণীর ক্রমিক নং-৫ এ উক্ত সভায় মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় প্রদত্ত নির্দেশনার "ক" অংশে 'বিগত ৪ বছরসহ ২০০৯ সাল হতে অদ্যাবধি পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় উন্নয়ন কর্মকান্ডের ডকুমেন্টারী তৈরি করতে হবে যা পানি সম্পদ মন্ত্রণালয় এবং তার আওতাধীন সংস্থাসমূহে সংরক্ষণ করতে হবে' মর্মে নির্দেশনা প্রদান করেছেন। উক্ত নির্দেশনার আলোকে সূত্রস্থ ৩নং স্মারকের পত্রে আপনার জোনের আওতাধীন/প্রকল্পটিতে ২০০৯ সাল হতে অদ্যাবধি সম্পন্নকৃত উন্নয়ন কর্মকান্ডের ডকুমেন্টারি প্রস্তুতপূর্বক একটি কপি কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এবং একটি কপি প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা দপ্তরে প্রেরণ করে অত্র দপ্তরকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলেও এখনো দাখিল করা হয়নি।

এমতাবস্থায়, জোনভত্তিক সমন্বিত আকারে উন্নয়ন কর্মকান্ডের ডকুমেন্টারি আগামী ০২.০৪.২০২৩খ্রিঃ এর মধ্যে ঢাকাস্থ উল্লেখিত দপ্তরে দাখিল করে অত্র দপ্তরকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় সম্মতিক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

(মোঃ রফিকুল ইসলাম চৌবে)
প্রধান প্রকৌশলী(পুর), মনিটরিং
বাপাউবো, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়) -
১। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/পশ্চিম/পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পাসম।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী.................সকল।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (পত্রটি বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.৫২

তারিখ: ২৫ মাঘ ১৪২৯
০৮ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভায় মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় প্রদত্ত নির্দেশনা প্রতিপালন প্রসঙ্গে।**

সূত্র: ১) পানি সম্পদ মন্ত্রণালয়, পরিকল্পনা-৩ শাখা এর স্মারক নং-৪২.০০.০০০০.০৪১.০৬.০১১.১৮-২৬৯, তারিখঃ ৩০.০১.২০২৩খ্রিঃ।
২) অত্র দপ্তর স্মারক নং-৪২.০০.০০০০.০০৭.০৯.০০২.২০.৮, তারিখঃ ০৯.০১.২০২৩খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে গত ২৫ জানুয়ারি ২০২৩ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী, পাসম মহোদয়ের সভাপতিত্বে পানি ভবনের সম্মেলনকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। সূত্রস্থ ১নং স্মারকে উক্ত সভার কার্যবিবরণী পাসম হতে জারী করা হয়েছে। কার্যবিবরণীর ক্রমিক নং-৫ এ উক্ত সভায় মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় প্রদত্ত নির্দেশনার "ক" অংশে 'বিগত ৪ বছরসহ ২০০৯ সাল হতে অদ্যাবধি পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় উন্নয়ন কর্মকান্ডের ডকুমেন্টারী তৈরি করতে হবে যা পানি সম্পদ মন্ত্রণালয় এবং তার আওতাধীন সংস্থাসমূহে সংরক্ষণ করতে হবে' মর্মে নির্দেশনা প্রদান করেছেন। উক্ত নির্দেশনার আলোকে আপনার জোনের আওতাধীন/প্রকল্পটিতে বিগত ৪ বছরসহ ২০০৯ সাল হতে অদ্যাবধি সম্পন্নকৃত উন্নয়ন কর্মকান্ডের ডকুমেন্টারি প্রস্তুতপূর্বক একটি কপি কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এবং একটি কপি প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা দপ্তরে প্রেরণ করে অত্র দপ্তরকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এখানে উল্লেখ্য যে, প্রতিটি জোন হতে উক্ত জোনের উন্নয়ন কর্মকান্ডের ডকুমেন্টারি একত্রিত করে জোন কম্পাইল্ড আকারে ঢাকাস্থ দপ্তরসমূহে প্রেরণ করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

**<u>বিষয়টি অতীব জরুরী।</u>**

৮-২-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল:
ce.monitoring@bwdb.gov.bd

প্রধান প্রকৌশলী, বাপাউবো,
রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট
ও প্রকল্প পরিচালক, সকল, বাপাউবো

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.৫২/১(৪৮)

তারিখ: ২৫ মাঘ ১৪২৯
০৮ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩) অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মাঠপর্যায়ের সকল পওর/পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো,
৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৮) নির্বাহী প্রকৌশলী, মাঠপর্যায়ের সকল পওর/পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো,,,,
৯) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৮-২-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা

২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে গত ২৫ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | জাহিদ ফারুক, এমপি<br>মাননীয় প্রতিমন্ত্রী |
| সভার তারিখ | ২৫ জানুয়ারি ২০২৩। |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | পানি ভবনের সম্মেলন কক্ষ (লেভেল-৬, ব্লক-সি, পানি ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক। |

**১। উপস্থাপনা:**

মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ) সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। ২০২২-২৩ অর্থবছরে এডিপিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় ৯৬টি চলমান প্রকল্পের অনুকূলে ৭৭৮৪.০৯ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ৬৭৫৩.০৮ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১০৩১.০১ কোটি টাকা এবং টাকাংশ ১০০৬.৬৫ কোটি টাকা। তবে ছাড়যোগ্য অর্থের পরিমাণ ৫৭৫৫.৭৯ কোটি টাকা তন্মধ্যে জিওবি ৪৭২৪.৭৮ কোটি টাকা, প্রকল্প সাহায্য ১০৩১.০১ কোটি টাকা ও টাকাংশ ১০০৬.৬৫ কোটি টাকা। ১ জুলাই ২০২২ হতে ১৮ জানুয়ারি ২০২৩ পর্যন্ত উক্ত বরাদ্দ হতে অবমুক্তকৃত অর্থের পরিমাণ মোট ২৪৬৪.৫৩ কোটি (জিওবি ২২৯৫.৫৪ কোটি, প্রকল্প সাহায্য ১৬৮.৯৯ কোটি ও টাকাংশ ১৬৬.৯৬ কোটি) টাকা যা মোট বরাদ্দের ৩১.৬৬% এবং ছাড়যোগ্য অর্থ বরাদ্দের ৪২.৮২%। একই সময় পর্যন্ত অর্থ ব্যয়ের পরিমাণ মোট ২০৯৭.২৭ কোটি (জিওবি ১৯৬৩.৪৪ কোটি, প্রকল্প সাহায্য ১৩৩.৮৩ কোটি ও টাকাংশ ১৩১.৮০ কোটি) টাকা যা মোট বরাদ্দের ২৬.৯৪% এবং মোট ছাড়যোগ্য অর্থের ৩৬.৪৪%। প্রকল্পসমূহের গড় বাস্তব অগ্রগতি ৩২.০৫%।

**২। আলোচনা ও সিদ্ধান্ত:**

সভায় বিস্তারিত আলোচনা ও তার পরিপ্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্র. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী (সময়সীমা) |
|---|---|---|---|
| ০১। | **'চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ)'** শীর্ষক প্রকল্পটি IFAD, GoN এর আর্থিক সহায়তায় বাস্তবায়িত হচ্ছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, বর্ণিত প্রকল্পের প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে সমীক্ষার কাজ অন্তর্ভুক্ত রয়েছে। সমীক্ষা কাজের ToR নির্ধারণের ক্ষেত্রে সভাপতি মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিবকে আহ্বায়ক এবং BWDB, IWM ও CEGIS এর প্রতিনিধির সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। উক্ত কমিটি সমীক্ষা কাজের ToR নির্ধারণ করে বিস্তারিত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। | **'চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ)'** শীর্ষক প্রকল্পটির প্রস্তাবিত সংশোধনীতে অন্তর্ভুক্ত সমীক্ষা কাজের ToR নির্ধারণের জন্য মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিবকে আহ্বায়ক এবং BWDB, IWM ও CEGIS প্রতিনিধির সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠন করতে হবে। উক্ত কারিগরি কমিটি সমীক্ষা কাজের ToR প্রস্তুতপূর্বক বিস্তারিত প্রতিবেদন আগামী এক মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট) |

| | | | |
|---|---|---|---|
| ০২। | **'পানি সম্পদ মন্ত্রণালয় ও সংস্থা সমূহের সক্ষমতা বৃদ্ধিকল্পে ছোট আকারের জলযান ক্রয় (১ম সংশোধিত)'** শীর্ষক প্রকল্পটি অর্পিত ক্রয়পদ্ধতিতে খুলনা শিপইয়ার্ড লিঃ কর্তৃক বাস্তবায়িত হচ্ছে, যা' জুন ২০২৩ এ সমাপ্তির জন্য নির্ধারিত। প্রকল্পটি জুন ২০২৩ এ সমাপ্ত করা যাবে কি না জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান, খুলনা শিপইয়ার্ড লিঃ কর্তৃক ইন্সপেকশন ও সার্ভে বোট তৈরিতে বিলম্বের কারণে প্রকল্পটি জুন ২০২৩ মেয়াদে সমাপ্ত করা সম্ভব হবে না। সভাপতি খুলনা শিপইয়ার্ড লিঃ এর সাথে সাথে সভা করে অবশিষ্ট কাজ সমাপ্ত করার নির্দেশনা প্রদান করেন। | **'পানি সম্পদ মন্ত্রণালয় ও সংস্থা সমূহের সক্ষমতা বৃদ্ধিকল্পে ছোট আকারের জলযান ক্রয় (১ম সংশোধিত)'** শীর্ষক প্রকল্পটির ক্ষেত্রে খুলনা শিপইয়ার্ড লিঃ সাথে সভা করে অবশিষ্ট কাজ দ্রুত সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধির প্রস্তাব প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট) |
| ০৩। | **'ম্যাথমেটিকাল মডেলের মাধ্যমে লোয়ার মেঘনা নদীর শাহবাজপুর চ্যানেলের সমন্বিত উন্নয়ন ও টেকসই ব্যবস্থাপনা পরিকল্পনা'** শীর্ষক সমীক্ষা প্রকল্পের মেয়াদকাল ডিসেম্বর ২০২২ শেষ হয়েছে। প্রকল্পটি যথা সময়ে সমাপ্ত না হওয়ায় সময় বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | **ম্যাথমেটিকাল মডেলের মাধ্যমে লোয়ার মেঘনা নদীর শাহবাজপুর চ্যানেলের সমন্বিত উন্নয়ন ও টেকসই ব্যবস্থাপনা পরিকল্পনা'** শীর্ষক সমীক্ষা প্রকল্পের সময় বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট) |
| ০৪। | **'চট্টগ্রাম জেলার আওতাধীন সন্দীপ উপজেলাস্থ পোল্ডার নং-৭২ এর সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন এর নিমিত্ত সম্ভাব্যতা সমীক্ষা'** শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষায় উড়িরচর অংশ অন্তর্ভুক্ত করার জন্য প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম অনুরোধ জানান। সভাপতি সম্ভাব্যতা সমীক্ষায় উড়িরচর এলাকা অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করেন। | **'চট্টগ্রাম জেলার আওতাধীন সন্দীপ উপজেলাস্থ পোল্ডার নং-৭২ এর সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন এর নিমিত্ত সম্ভাব্যতা সমীক্ষা'** শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষায় উড়িরচর এলাকা অন্তর্ভুক্ত করতে হবে। | প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট) |
| ০৫। | **মাননীয় প্রতিমন্ত্রী সভায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন:-**<br>(ক) বিগত ৪ বছরসহ ২০০৯ হতে অদ্যাবধি পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় উন্নয়ন কর্মকাণ্ডের ডকুমেন্টারি তৈরি করতে হবে যা পানি সম্পদ মন্ত্রণালয় এবং তার আওতাধীন সংস্থাসমূহে সংরক্ষণ করতে হবে।<br>(খ) পানি সম্পদ মন্ত্রণালয়ের যে সব প্রকল্প মাননীয় সংসদ সদস্য দ্বারা উদ্বোধন করা হয়েছে, তারিখসহ সে সব প্রকল্পের তালিকা সংরক্ষণ করতে হবে।<br>(গ) সম্ভাব্যতা সমীক্ষার মেয়াদকালে সমীক্ষা সম্পাদনকারী কর্তৃপক্ষের প্রতিনিধিদের সাইট পরিদর্শনের সময় কমপক্ষে ৫০% ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে উপস্থিত থাকতে হবে।<br>(ঘ) চলমান সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের ৫০% সমাপ্ত হওয়ার পর নতুনভাবে পিএফএস শুরু করতে হবে।<br>(ঙ) এডিপি পর্যালোচনা সভায় যে সব প্রকল্প আলোচিত হবে, সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী এডিপি সভার পূর্বে সেসব প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত এডিপি সভায় উপস্থাপন করবেন। | | |

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

জাহিদ ফারুক, এমপি

মাননীয় প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৪১.০৬.০১১.১৮-২৬৯ তারিখ: ১৬ মাঘ ১৪২৯

৩০ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।

৪) অতিরিক্ত সচিব---------------------পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) প্রধান, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

৬) প্রধান, কার্যক্রম বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

৭) পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল সংস্থা প্রধান

৮) যুগ্মসচিব--------------পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯) নির্বাহী পরিচালক, সেন্টার ফর এনভায়ারনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (সিইজিআইএস), বাড়ী নং-৬, সড়ক-২৩/সি, গুলশান-১, ঢাকা-১২১২।

১০) মোঃ জাহিরুল হক খান, নির্বাহী পরিচালক, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আই ডব্লিউ এম), প্লট-৬, রোড-৩/সি, ব্লক-এইচ, সেক্টর-১৫, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

১১) অতিরিক্ত মহাপরিচালক--------------------, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা।

১২) প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৪) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৫) উপসচিব-------------------পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পানি সম্পদ মন্ত্রণালয়, ২য় ১ম তলা ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১৮) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব-----------------পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব